**3 Yr. Degree/4 Yr. Honours 4th Semester Examination, 2025 (CCFUP)**

**Subject : Bengali**

**Course: BENG4011 (MAJOR)**

**(মধ্যযুগের সাহিত্য)**

6778

**Time: 3 Hours** **Full Marks: 60**

*দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*
*পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।*

১। *যে-কোনো দশটি* প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

(ক) "সব দেবেঁ মেলি সভা পাতিল আকাশে।"—দেবতাদের সভার কারণ কী?

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের জন্মখণ্ডে উল্লেখিত দুটি রাগ-রাগিণীর নাম লেখো।

(গ) "তা সব মাইল কাহ্ন বিষম সমরে।।"—ব্যাখ্যা করো।

(ঘ) "বড়ায়ি দেহ এহার পাশে।"—বড়ায়ি কে? তার শারীরিক রূপের বর্ণনা দাও।

(ঙ) "দ্বিজ রামপ্রসাদ কয়, এ দুঃখ কি প্রাণে সয়,"—রামপ্রসাদের দুঃখের কারণ কী?

(চ) "নারীর জনম কেবল যন্ত্রণা সহিতে।।"— কথাগুলির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ছ) "খুঁজিয়া পাইল যেন হাঁড়ির মত সরা।"—'হাঁড়ি' ও 'সরা' বলতে কাদের বোঝানো হয়েছে?

(জ) "আমি ছাড়ি ঘর যাব দেশান্তর/কি মোর ঘর-করণে।"— কেন এই আক্ষেপ?

(ঝ) "সোণা-রূপা নহে বাপা এ বেঙ্গা পিত্তল।"—কথাগুলির প্রসঙ্গ উল্লেখ করো।

(ঞ) ফুল্লরার বাবা ও মায়ের নাম কী?

(ট) "সহচর অঙ্গে গোরা অঙ্গ হেলাইয়া"—কার রচনা ও কোন শ্রেণির গৌরপদ?

(ঠ) "বুঝিতে নারিনু বধুঁ তোমার পিরীতি।।"— কার, কেন এই আক্ষেপ?

(ড) "ঘরের যতেক সবে করে কানাকানি।"— কথাগুলির প্রসঙ্গ উল্লেখ করো।

(ঢ) "শুনেছি দারুণ তুমি, না রাখ সতের মান।।"—কার, কোন প্রসঙ্গে এই মন্তব্য?

(ণ) "মা, নিম খাওয়ালে চিনি ব'লে, কথায় করে ছলো।"— বক্তার এমন অভিযোগের তাৎপর্য কী?

২। *যে-কোনো চারটি* প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

(ক) "এ সখি হামারি দুখের নাহি ওর"— কোন পর্যায়ের পদ? পদটির কাব্যসৌন্দর্য ব্যাখ্যা করো।

(খ) খল চরিত্র হিসেবে ভাঁড়ু দত্ত চরিত্রটির সার্থকতা বিচার করো।

(গ) 'বারোমাস্যা' কী? প্রসঙ্গ উল্লেখ করে ফুল্লরার বারোমাস্যা অংশটি নিজের ভাষায় লেখো।

(ঘ) "কণ্টক গাড়ি কমল-সম পদতল"—পদটি কোন পর্যায়ের? সংক্ষেপে পদটির তাৎপর্য ব্যাখ্যা করো।

(ঙ) "মন রে কৃষি কাজ জান না"— পদটির পদকর্তা কে? পদটির বক্তব্য নিজের ভাষায় লেখো।

(চ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের জন্মখণ্ডের নারদ চরিত্রটিকে অবলম্বন করে হাস্যরস সৃষ্টিতে বড়ু চণ্ডীদাসের দক্ষতার পরিচয় দাও।

৩। *যে-কোনো দুটি* প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) চণ্ডীমঙ্গলের আখেটিক খণ্ডে কবিকঙ্কণের বাস্তব সমাজ-অভিজ্ঞতার যে পরিচয় পাওয়া যায় তা আলোচনা করো।

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের 'জন্মখণ্ড'-র কাহিনি সংক্ষেপে আলোচনা করে এই খণ্ডটির গুরুত্ব ব্যাখ্যা করো।

(গ) 'আগমনী' ও 'বিজয়া' পর্যায়ের তোমাদের পাঠ্য পদ অবলম্বনে মেনকা চরিত্র বিশ্লেষণ করো।

(ঘ) 'পূর্বরাগ' কাকে বলে? তোমাদের পাঠ্য এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির রচিত পদটির রসগ্রাহী আলোচনা করো।

———